গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল
www.tangailsadar.tangail.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৯৩৯৫.০০০.০১.০০১.২৫-১০৯

তারিখ: ২২ মাঘ ১৪৩২ / ০৫ ফেব্রুয়ারি ২০২৬

## " হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি "

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল সদর উপজেলার নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য ইচ্ছুক/ আগ্রহী ইজারাদার/ ব্যক্তিগণের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

### হাট-বাজার ইজারার তফসিল:

| ক্র. নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩৩ বাংলা সনের সরকারি সম্ভাব্য মুল্য | সিডিউলের মুল্য (অফেরতযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | আয়নাপুর গো-হাট | মগড়া | ২,৫৮,৩৯৩/- | ১,২০০/- | |
| ০২. | আয়নাপুর হাট | মগড়া | ১,৭৩,৩৪৬/- | ১,০০০/- | |
| ০৩. | গালা হাট | গালা | ২,৬১,৯১৬/- | ১,২০০/- | |
| ০৪. | পাছ বেথইর হাট | গালা | ১৮,৭২৭/- | ৫০০/- | |
| ০৫. | সুরুজ হাট | ঘারিন্দা | ৪,০০,১২৫/- | ১,৬০০/- | |
| ০৬. | গোসাই জোয়াইর হাট | ঘারিন্দা | ৬৭,১৩৩/- | ৫০০/- | |
| ০৭. | করটিয়া হাট | করটিয়া | ২,৪৩,৯০,৮৪৭/- | ৪৯,৪০০/- | |
| ০৮. | সা'দত বাজার করটিয়া | করটিয়া | ৩,৮৩,৭২০/- | ১,৪০০/- | |
| ০৯. | শাহানশাহগঞ্জ হাট | ছিলিমপুর | ৩,০৭,২২৩/- | ১,৪০০/- | |
| ১০. | পোড়াবাড়ী হাট | পোড়াবাড়ী | ২,৭৪,৫৪০/- | ১,২০০/- | |
| ১১. | বিন্যাফৈর হাট | দাইন্যা | ৫২,১৩০/- | ৫০০/- | |
| ১২. | যুগনী হাট | বাঘিল | ৪৫,৫৭,০৭৩/- | ৯,৮০০/- | |
| ১৩. | কাকুয়া তালগাছি হাট | কাকুয়া | ১৫,০৭,৩৯১/- | ৩,৮০০/- | |
| ১৪. | বেগুনটাল হাট | হুগড়া | ২,৪৭,৯১৬/- | ১,২০০/- | |
| ১৫. | সাতানী হুগড়া হাট | হুগড়া | ৯৭,৩৪৩/- | ৫০০/- | |
| ১৬. | ভাসানীগঞ্জ হাট | হুগড়া | ৭২,১৮৬/- | ৫০০/- | |
| ১৭. | তোরাপগঞ্জ হাট | কাতুলী | ৩৫,৬৩,৫০৬/- | ৭,৮০০/- | |
| ১৮. | মাকোরকোল হাট | মাহমুদনগর | ১,৯৬,২৪৩/- | ১,০০০/- | |

### দরপত্র সিডিউল ক্রয় ও দাখিলের ক্যালেন্ডার :

| দফা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র বাক্স খোলার সময় |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২৪/০২/২০২৬ | ২৫/০২/২০২৬ | সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা | বিকাল ৩.০০ টা |
| ২য় পর্যায় | ১০/০৩/২০২৬ | ১১/০৩/২০২৬ | সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা | বিকাল ৩.০০ টা |
| ৩য় পর্যায় | ২৪/০৩/২০২৬ | ২৫/০৩/২০২৬ | সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা | বিকাল ৩.০০ টা |
| ৪র্থ পর্যায় | ৩০/০৩/২০২৬ | ৩১/০৩/২০২৬ | সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা | বিকাল ৩.০০ টা |
| ৫ম পর্যায় | ০৫/০৪/২০২৬ | ০৬/০৪/২০২৬ | সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ টা | বিকাল ৩.০০ টা |

দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতি সেট হাট-বাজারের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, সহকারী কমিশনার(ভূমি), টাঙ্গাইল সদর এর কার্যালয়, সোনালী ব্যাংক পিএলসি, টাঙ্গাইল শাখা, টাঙ্গাইল সদর মডেল থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন (তফসিলে বর্ণিত উল্লিখিত তারিখ) ক্রয় করা যাবে। দরপত্র দাতাকে প্রতিটি দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে **"উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল"** এর অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হবার ০৭(সাত) কার্যদিসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের অতিরিক্ত ১০% অর্থ আয়কর কোড নং-১-১১৪১-০১২০-০১১১ (নতুন কোড) এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) কোড নং ১-১১৩৩-০০৩৫-০৩১১ (নতুন কোড) তে এ-চালানের মাধ্যমে জমা দিয়ে ০২(দুই) প্রস্থ চালানের কপি ইজারা মূল্যের অবশিষ্ট টাকার সংগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় হাট বাজারের জন্য জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। দরপত্র সমূহ ১ম

CamScanner

পর্যায় ২৪/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে এবং ২৫/০২/২০২৬ খ্রি. তারিখ মোতাবেক ১২ ফাল্গুন ১৪৩২ বাংলা সন বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, সহকারী কমিশনার (ভূমি), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল, সোনালী ব্যাংক পিএলসি, টাঙ্গাইল শাখা, টাঙ্গাইল সদর মডেল থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র উন্মোচন করা হবে। উল্লেখ্য, পরবর্তীতে উল্লেখিত তারিখ ও সময়ে যথাক্রমে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/ পরিবর্ধন এবং যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়া সরকার কর্তৃক জারিকৃত যে কোন নির্দেশ ইজারাদারকে মেনে চলতে বাধ্য থাকতে হবে।

## "১৪৩৩ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী"

০১। প্রতিটি হাট বাজার ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদের জন্য ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্র দাতাকে প্রতিটি দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে 'উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল' এর অনুকূলে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট বাজার পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যয়িত অর্থ ইজারাদারের বরাবর প্রত্যার্পন করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হবার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের অতিরিক্ত ১০% অর্থ আয়কর কোড নং-১-১১৪১-০১২০-০১১১ (নতুন কোড) এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) কোড নং- ১-১১৩৩-০০৩৫-০৩১১ (নতুন কোড) তে এ-চালানের মাধ্যমে জমা দিয়ে ০২(দুই) প্রস্থ চালানের কপি ইজারা মূল্যের অবশিষ্ট টাকার সংগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় হাট বাজারের জন্য জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংকে যদি সংশ্লিষ্ট হাট বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। ৫ম পর্যায় দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩ বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তা হলে কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা প্রদান কার্যক্রম অব্যাহত থাকবে।

০৫। এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। সীলমোহরকৃত খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচারের ব্যবস্থা করতে হবে।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। একই বিজ্ঞপ্তিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ে দরপত্র আহ্বান করা হলেও কোন এক পর্যায়ে হাট বাজারের দরপত্র খোলার ও গ্রহণের পরবর্তী দিবস হতে প্রযোজ্য ক্ষেত্রে পরবর্তী পর্যায়ের দরপত্রের সিডিউল বিক্রয় করা হবে। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

১৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৫। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা বা অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৭। হাট-বাজারের ইজারার অর্থ পরিশোধে ব্যর্থ হলে সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলা দায়েরের মাধ্যমে আদায় করা যাবে।

১৮। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

CamScanner

১৯। ১ম বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ২য় বারে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। ২য় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ৩য় বারে ঐ হাট বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। এ সংক্রান্ত তথ্য অত্র কার্যালয় হতে জানা যাবে।

২০। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫.০২.২০২৬

**শাহীন মিয়া**
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা হাট বাজার দরপত্র ইজারা মূল্যায়ন কমিটি
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল

স্মারক নং- ০৫.৪১.৯৩৯৫.০০০.০১.০০১.২৫-১০৯

তারিখ: ২২ মাঘ ১৪৩২ / ০৫ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৪। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
০৭। প্রশাসক, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক( সার্বিক/ রাজস্ব), টাঙ্গাইল।
০৯। প্রশাসক, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
১০। উপজেলা নির্বাহী অফিসার,..................................................( সকল), টাঙ্গাইল।
১১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।
১২। সহকারী কমিশনার(ভূমি), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
১৩। অফিসার-ইন-চার্জ, টাঙ্গাইল সদর মডেল থানা। (তফসিলে বর্ণিত দরপত্র দাখিল ও দরপত্র বাক্স আনয়ন ও খোলার সময়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, টাঙ্গাইল শাখা।
১৫। উপজেলা........................................................................ অফিসার( সকল), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
১৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, টাঙ্গাইল। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৭। চেয়ারম্যান/প্রশাসক ----------------------------ইউনিয়ন পরিষদ(সকল), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ------------------------ইউনিয়ন ভূমি অফিস, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। দরপত্র বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে মাইক ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচার পুর্বক ইজারা দরপত্র দাখিলের ০২ দিন পূর্বে জারীর প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৯। জনাব.......................................................................................................................................

০৫.০২.২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল

CS CamScanner